02 SEP 2016

তারিখ ... 2 AUG 2016 ...
পৃষ্ঠা ... 2 ... কলাম ... 6 ...

কালের কণ্ঠ

# সাথীর বাড়িতে শিক্ষাসচিব

চাঁদপুর প্রতিনিধি ▷

স্কুলে প্রকাশ্যে অপমানিত হয়ে আত্মহত্যা করা ছাত্রী সাথী আক্তারের বাড়িতে গিয়েছেন শিক্ষাসচিব। গতকাল বৃহস্পতিবার সচিবসহ প্রশাসনিক কর্মকর্তারা সাথীর পরিবারের প্রতি সমবেদনা জানান এবং ঘটনার সুষ্ঠু বিচারের আশ্বাস দেন।

চাঁদপুরের বাগাদী হাই স্কুলের অষ্টম শ্রেণির শিক্ষার্থী সাথী আক্তার আত্মহত্যা করেছিল গত সোমবার। ৩০ টাকা বকেয়া থাকা নিয়ে ভর্ৎসনার পাশাপাশি শ্রেণি শিক্ষক তাকে শাস্তি হিসেবে দাঁড় করিয়ে রাখেন। পরদিন সে নিজ বাড়িতে আত্মহত্যা করে। এ নিয়ে আত্মহত্যা প্ররোচনার অভিযোগে চার শিক্ষকের বিরুদ্ধে মামলা হলে পুলিশ একজনকে গ্রেপ্তার করেছে। ৩০ টাকার জন্য শিক্ষার্থী মৃত্যুর এ ঘটনা দেশব্যাপী প্রতিক্রিয়া তৈরি করেছে।

শিক্ষাসচিব মো. সোহরাব হোসাইন গতকাল বৃহস্পতিবার সকালে মধ্য বাগাদী গ্রামে যান এবং সাথীর পরিবার সদস্যদের সঙ্গে আলাপ করেন। সন্তানহারা মা-বাবাকে তিনি সান্ত্বনা দেন। দায়ী শিক্ষকদের চিহ্নিত করে আইনগত ব্যবস্থা নেওয়ার প্রতিশ্রুতি দেন তিনি। এ সময় উপস্থিত ছিলেন জেলা প্রশাসক আব্দুস সবুর মণ্ডল, অতিরিক্ত পুলিশ সুপার মো. আশরাফুজ্জামান, ইউপি চেয়ারম্যান বেলায়েত হোসেন বিল্লাল গাজী প্রমুখ। পরে শিক্ষাসচিব বাগাদী হাই স্কুলে যান এবং উপস্থিত শিক্ষক ও অভিভাবকের সঙ্গে কথা বলেন।

শিক্ষাসচিব সাংবাদিকদের বলেন, 'এসব ঘটনায় সরকার জিরো টলারেন্স অবস্থান নিয়েছে। অভিযুক্ত কাউকে ছাড় দেওয়া হবে না। সাথীর আত্মহননের ঘটনা শিক্ষামন্ত্রীসহ সরকারের শীর্ষমহল অবগত আছে।'